৫০১১৯

# বাংলাদেশ ব্যাংক
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
**প্রধান কার্যালয়**
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।

ডেট ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট

ডিএমডি সার্কুলার নং- ২/২০২২

২১ আশ্বিন ১৪২৯
তারিখঃ ------------------
০৬ অক্টোবর ২০২২

ব্যবস্থাপনা পরিচালক/ প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ।

প্রিয় মহোদয়,

**ঢাকা স্টক এক্সচেঞ্জ লিঃ (ডিএসই) এবং চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ (সিএসই)**
**এর ট্রেডিং প্লাটফর্মে সরকারি সিকিউরিটিজ লেনদেন পরীক্ষামূলকভাবে চালুকরণ প্রসঙ্গে।**

Market Infrastructure (MI) Module এর মাধ্যমে ট্রেজারি বিল ও বন্ডের অনলাইন লেনদেন সংক্রান্ত অত্র বিভাগের ২৬/১০/২০১১ তারিখের সার্কুলার নং ডিএমডি-০৬/২০১১ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। বর্তমানে বাংলাদেশ সরকার ট্রেজারি বন্ড (বিজিটিবি) এবং ট্রেজারি বিলসমূহের সেকেন্ডারি মার্কেটে লেনদেন ব্যক্তি প্রতিষ্ঠান নির্বিশেষে সকল শ্রেনির বিনিয়োগকারীগণ কর্তৃক Over The Counter (OTC) Trade এবং সম্পূর্ণ অনলাইনভিত্তিক Anonymous Order Matching ট্রেডিং প্লাটফর্ম Government Securities Order Matching (GSOM) ব্যবহারের মাধ্যমে সুষ্ঠুভাবে সম্পাদন করা হচ্ছে।

০৩। সরকারি সিকিউরিটিজে সাধারণ বিনিয়োগকারীদের বিনিয়োগ আরো সহজতর করার লক্ষ্যে MI Module এর পাশাপাশি স্টক এক্সচেঞ্জের (ডিএসই এবং সিএসই) ট্রেডিং প্লাটফর্মে সরকারি সিকিউরিটিজ লেনদেন আগামী ১০/১০/২০২২ তারিখ হতে পরীক্ষামূলকভাবে শুরু করা হবে। তথ্য আদান-প্রদানের ক্ষেত্রে Financial Market Infrastructure (FMI) গেটওয়ে হিসেবে ব্যবহৃত হবে। এতদ্‌বিষয়ে বিনিয়োগকারীদের অবহিত ও প্রয়োজনীয় সহায়তা প্রদান করার জন্য আপনাদেরকে পরামর্শ দেওয়া হলো।

০৪। এ নির্দেশনা আগামী ১০/১০/২০২২ তারিখ হতে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(খোন্দকার সিদ্দীকুর রহমান)
পরিচালক (ডিএমডি)
ফোন: ০২-৯৫৩০১৩১